# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | খুলনা | 21 April, 2025

ঝিনাইদহ জেলা শহরে রেলপথ বাস্তবায়নের দাবিতে সংগঠনের পরিচিতি সভা ও সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।রোববার বিকালে ঝিনাইদহ শহরে রেলপথ বাস্তবায়ন পরিষদ কর্তৃক কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে সংগঠনের পরিচিতি সভা ও সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ শহরে রেলপথ বাস্তবায়ন পরিষদের সভাপতি মোঃ আব্দুল্লাহ (রেল আব্দুল্লাহ)'র সভাপতিত্বে সংগঠনের সাধারণ সম্পাদক আরিফা ইয়াসমিন লিম্পা রেলপথ বাস্তবায়নের যথার্থতা ও যৌক্তিকতা তুলে ধরে লিখিত বক্তব্য পাঠ করেন।

পরিচিতি সভা ও সংবাদ সম্মেলনে সংগঠনের সিনিয়র সহ-সভাপতি মোঃ আব্দুস সবুর এর সঞ্চালনায় সেসময় উপস্থিত ছিলেন সহ-সাধারণ সম্পাদক ইফাজ তানভীর মিন্টু, সাংস্কৃতিক কর্মী শাহিনূর রহমান লিটন, সামাজিক ব্যক্তিত্ব গাউস গোড়কী, আনোয়ার পারভেজ মাসুম, হেব্বি গ্রুপের জিহান লিমনসহ সংগঠনের সকল স্তরের নেতা-কর্মী।এছাড়াও ঝিনাইদহ শহরের সকল রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও পেশাজীবি সংগঠনের নেতৃবৃন্দ।বক্তারা, সেসময় ঝিনাইদহ জেলা শহরে রেলপথ বাস্তবায়নের দাবি ও যথার্থতা তুলে ধরেন।

সংবাদ সম্মেলন রেলপথ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 20:45

URL: https://timestodaybd.com/khulna/1211596744